

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১লা ভাদ্র ১৪০৬ বাং/১৬ই আগস্ট ১৯৯৯ইং

এস, আর, ও নং ২৪৩-আইন/৯৯—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order, 1956 এর Paragraph 6 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Paragraph এর উদ্দেশ্য পূরণকল্পে, ২রা ভাদ্র, ১৪০৬ বাং মোতাবেক ১৭ই আগস্ট, ১৯৯৯ তারিখ হইতে ১৮ই বৈশাখ, ১৪০৭ বাং মোতাবেক ৩০শে এপ্রিল, ২০০০ তারিখ পর্যন্ত সময়কাল নির্ধারণ করিল।

২। উক্ত সময়কালে অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৬২-আইন/৯৪, তারিখ ১৫ই ভাদ্র, ১৪০১ বাং মোতাবেক ৩০ শে আগস্ট, ১৯৯৪, এস, আর, ও নং ১৯-আইন/৯৫, তারিখ ২২ শে মাঘ, ১৪০১ বাং মোতাবেক ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৫ এবং এস, আর, ও নং ৩৮-আইন/৯৮ তারিখ ৪ঠা চৈত্র, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই মার্চ, ১৯৯৮ দ্বারা ঘোষিত আখ এলাকাগুলিতে (Zone) কোন ব্যক্তি সুগার ফ্যাক্টরী স্বত্বীত অন্য কোথাও আখ মাড়াইকল (Sugarcane apparatus) ব্যবহার করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে কোন আখ মাড়াইকল ক্রয়, ভাড়া বা অন্য কোন ভাবে অর্জন করিতে বা রক্ষণ করিতে পারিবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ সারোয়ারুজ্জামান

উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪০৬৩)

মূল্য : টাকা ১.০০